অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফরেস্ট রেঞ্জার্স, এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তা, এবং পার্ক পুলিশ কর্মকর্তাদের র‍্যাঙ্কে আরো নারী যোগ করতে DEC, স্টেট পার্কের প্রতিশ্রুতি ঘোষণা করলেন

DEC, পার্ক পুলিশ, নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে জাতীয় '30x30 প্রতিজ্ঞা' গ্রহণে যোগদান করছে যাতে জননিরাপত্তা, সম্প্রদায়ের ফলাফল, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আস্থা বৃদ্ধি করতে পুলিসিংয়ে আরো নারীকে আনা যায়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্ট (Department of Environmental Conservation, DEC) এবং পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজারভেশন অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) আরো বেশি নারীকে এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তা (Environmental Conservation Police Officers, ECO), ফরেস্ট রেঞ্জার্স (Forest Rangers) এবং পার্ক পুলিশ কর্মকর্তাদের (Park Police Officers) র‍্যাঙ্কে যোগ করার জন্য স্টেট পুলিশ ও পুরো দেশের অন্যান্য পুলিশ ডিপার্টমেন্টের সাথে '30x30 প্রতিজ্ঞা (30x30 Pledge)' গ্রহণে যোগদান করছে। 30x30 প্রতিজ্ঞাটি হলো আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে প্রতিনিধিত্ব এবং নারীর অভিজ্ঞতা বৃদ্ধি করার জন্য পুলিসিং এজেন্সিগুলির গৃহীত ব্যবস্থার একটি সিরিজ। এই কার্যকলাপগুলি এজেন্সিগুলিকে লিঙ্গ সমতার বর্তমান দশা যাচাই করতে দিবে এবং পুলিসিংয়ে নারীদের অগ্রগতির প্রতিবন্ধকসমূহ অপসারণ করতে কৌশল তৈরি করবে, যার মধ্যে থাকবে নিয়োগ, মূল্যায়ন, চাকরিদান, কাজে ধরে রাখা, পদোন্নতি, এবং এজেন্সির সংস্কৃতি।

"নিউ ইয়র্কের পুলিশ এজেন্সিগুলি আরো শক্তিশালী এবং কার্যকর হয় যখন তারা সেইসকল নিউ ইয়র্কবাসীর বৈচিত্র্যের প্রতিনিধিত্ব করে, যাদের তারা সেবাদান করে থাকে," **গভর্নর হোকল বলেন।** "আমি তাদের র‍্যাঙ্কে আরো নারী যোগ করার এই গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতির জন্য DEC এবং স্টেট পার্কসের (State Parks) প্রশংসা করছি, এবং আমি আগ্রহী সকলকে এই সুযোগের সদ্ব্যবহার করার জন্য উৎসাহিত করছি যাতে তারা আইন শৃঙ্খলা রক্ষাকারী সম্প্রদায়ে যোগদান করে অন্যদের জীবনে অন্তর্নিহিত ও ইতিবাচক প্রভাব রাখতে পারে।"

প্রতিজ্ঞাটি 30x30 উদ্যোগের (30x30 Initiative)- ভিত্তিমূলক প্রচেষ্টা, উদ্যোগটি হলো পুলিশের নেতৃবৃন্দ, গবেষক, এবং পেশাদার সংগঠনের একটি কোয়ালিশন যারা পুরো মার্কিন যুক্তরাষ্ট্রে পুলিসিংয়ের সকল র‍্যাঙ্কে নারীদের প্রতিনিধিত্ব ও অভিজ্ঞতা অগ্রসর করতে একত্রিত

হয়েছে। 30x30 উদ্যোগটি নিউ ইয়র্ক ইউনিভার্সিটি স্কুল অফ ল'য়ের (New York University School of Law) পুলিসিং প্রকল্পের (Policing Project) সাথে এবং নারী আইন শৃঙ্খলা রক্ষাকারী নির্বাহীদের জাতীয় অ্যাসোসিয়েশনের (National Association of Women Law Enforcement Executives) সাথে সংশ্লিষ্ট।

30x30 উদ্যোগের চূড়ান্ত লক্ষ্য হলো 2030 সালের মধ্যে পুলিশ রিক্রুট ক্লাসে নারীর সংখ্যা 30 শতাংশে পৌঁছানো, এবং এটি নিশ্চিত করা যে পুলিসিং এজেন্সিগুলি যাতে তারা যেই এখতিয়ারে সেবাদান করে, এজেন্সি যেন তার সত্যিকারের প্রতিনিধি হয়। যদিও 30x30 পুলিসিংয়ে নারীদের অগ্রসর করতে মনোযোগ প্রদান করে, এই নীতিগুলি শুধু লিঙ্গ নয়, বরং সকল জনতাত্ত্বিক বৈচিত্র্যের জন্য প্রযোজ্য।

মার্চ মাসে, গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছিলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুপারদের র‍্যাঙ্কে নারীর সংখ্যা বৃদ্ধি করার প্রতিজ্ঞা গ্রহণ করেছে। নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (New York City Police Department) মতো প্রধান প্রধান মেট্রো ডিপার্টমেন্ট থেকে শুরু করে মধ্যম আকারের, গ্রামীণ, বিশ্ববিদ্যালয়, এবং স্টেটের পুলিসিং এজেন্সি পর্যন্ত 160টির বেশি এজেন্সি 30x30 প্রতিজ্ঞা গ্রহণ করেছে। প্রতিজ্ঞাটি এই সামাজিক বিজ্ঞানের গবেষণার ভিত্তিতে যে পুলিশ বাহিনীতে নারীদের আরো বেশি প্রতিনিধিত্ব সম্প্রদায়সমূহের জন্য আরো ভালো পুলিসিং ফলাফল নিয়ে আসে।

এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "প্রতিদিন, DEC-র মহিলা ফরেস্ট রেঞ্জার্সরা এবং এনভায়রনমেন্টাল কনজারভেশন কর্মকর্তারা কঠোর পরিশ্রম করছে, দেশের সবথেকে শক্তিশালী কিছু পরিবেশ আইন বাস্তবায়ন করছে, আমাদের প্রাকৃতিক সংস্থানের সুরক্ষা করছে, পরিবেশগত ন্যায়বিচারের প্রচার করছে, এবং সম্প্রদায়সমূহকে জলবায়ু পরিবর্তনের অস্তিত্বগত ঝুঁকি থেকে রক্ষা করছে। 30x30 প্রতিজ্ঞা গ্রহণ করা আজ পর্যন্ত DEC, DEC-তে আইন শৃঙ্খলা রক্ষায় নারীদের সমর্থন করতে যে কাজ করেছে এবং DEC-র সার্বিক কর্মীদের মধ্যে বৈচিত্র্য ও প্রতিনিধিত্ব বৃদ্ধি করতে এখনো যা কাজ বাকি আছে উভয়ের স্বীকৃতি দান করে।"

স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশের সদস্যরা প্রতিদিন স্টেট পার্কের দর্শনার্থীদের এবং পুরো স্টেটের মানুষদের সুরক্ষা প্রদান করতে কাজ করে। আমরা এটি বুঝি যে নিউ ইয়র্কজুড়ে স্টেট পার্ক ফ্যাসিলিটিগুলিতে সকল দর্শনার্থীদের একটি নিরাপদ, স্বাগত এবং উপভোগ্য অভিজ্ঞতা প্রদান করতে একটি বৈচিত্র্যময়, প্রতিনিধিত্বকারী পার্ক পুলিশ বাহিনী প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেট পার্কস 30x30 প্রতিজ্ঞা গ্রহণে আমাদের স্টেটের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের সাথে যোগ দিচ্ছে, যাতে আমাদের র‍্যাঙ্কে নারীর প্রতিনিধিত্ব বৃদ্ধি করা যায়।"

30x30 উদ্যোগের সহপ্রতিষ্ঠাতা মরিন ম্যাকগফ বলেন, "আমরা DEC এবং স্টেট পার্কসের প্রতি কৃতজ্ঞ, এই ক্রমবর্ধমান আন্দোলনের একটি অংশ হতে দেশের প্রথম এজেন্সিগুলির মধ্যে একটি হিসেবে প্রতিশ্রুতি গ্রহণের জন্য। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে পুলিসিংয়ে নারীদের অগ্রসর করা জননিরাপত্তা ফলাফল উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। আমরা আরো অনেক

এজেন্সিকে DEC এবং স্টেট পার্কসের পথ অনুসরণ করে এই প্রতিজ্ঞায় স্বাক্ষর করতে দেখতে এবং পুলিসিংয়ে নারীদের প্রতিনিধিত্ব ও অভিজ্ঞতা উন্নত করতে দেখতে উন্মুখ।"
আইন শৃঙ্খলা রক্ষাকারী ডিভিশনের (Division of Law Enforcement) পরিচালক ক্যারেন পরজাইক্লেক বলেন, "DEC-র আইন শৃঙ্খলা রক্ষাকারী ডিভিশনের মহিলা পরিচালক হিসেবে, আমি শুরুতে এটি স্পষ্ট করে দিয়েছি যে এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তা হিসেবে আরো নারীকে নিয়োগ দেওয়া একটি অগ্রাধিকার। এই প্রতিজ্ঞার ঘোষণা উৎসাহদায়ক কারণ এটি প্রদর্শন করে যে DEC তাদের DEC ফরেস্ট রেঞ্জার্স এবং ECO র‍্যাঙ্কে আরো শক্তিশালী, বুদ্ধিমান, এবং উচ্চ দক্ষতাসম্পন্ন নারী যোগ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

বন সুরক্ষা ডিভিশনের (Division of Forest Protection) পরিচালক জন সোলান বলেন, "প্রতিজ্ঞাটি আমাদের এজেন্সিতে নারী কর্মকর্তাদের প্রতিনিধিত্ব ও অভিজ্ঞতা বৃদ্ধি করতে বন সুরক্ষা ডিভিশনের চলমান কাজের সাথে সংগতিপূর্ণ। আমরা দেশের প্রথমদের মধ্যে একজন হিসেবে এই অতি গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতিটি করতে পেরে সম্মানিত বোধ করছি, এবং আমরা আমরা পুরো দেশের যেসকল এজেন্সির আমাদের মতো একই অগ্রাধিকার রয়েছে তাদের সাথে কাজ করতে এবং তাদের থেকে শেখার জন্য উন্মুখ।"

র‍্যাঙ্কে আরো নারী যোগ করতে সাহায্য করার জন্য, এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের বন সুরক্ষা ডিভিশন এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী ডিভিশন পুরো নিউ ইয়র্কে ক্যারিয়ার মেলা এবং মার্কেটিং ক্যাম্পেইনের মাধ্যমে আউটরিচ বৃদ্ধি করছে, এবং নিয়মিতভাবে বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ব্যবহার করবে DEC ফরেস্ট রেঞ্জার্স বা এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তাদের সাথে যোগদান করে নতুন রিক্রুটরা কী ধরনের অনন্য ও ফলপ্রসূ কাজের প্রত্যাশা করতে পারে সে ব্যাপারে আলোকপাত করার জন্য।

DEC এমন একটি কাজের পরিবেশ প্রদান করতে নিবেদিত যা বিচিত্রতা এবং অন্তর্ভুক্তিকে সম্পূর্ণরূপে সমর্থন ও পালন করে। পরিবেশ রক্ষা করার DEC-র মিশন শুধু তখনই সফলভাবে অর্জিত হতে পারবে যখন সকল কর্মীর বৈচিত্র্য, দৃঢ়তা, এবং প্রতিভাকে বরণ করে নেওয়া হবে। সকল ব্যক্তির জন্য সমান চাকরির সুযোগ স্থাপন করা চলমান প্রচেষ্টার পাশাপাশি, বর্ণবাদ এবং বৈষম্য অপসারণ করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে বসবাসরত বা বেড়াতে আসা সকলের জন্য পরিবেশ রক্ষা করার আমাদের মিশনকে আরো বলিষ্ঠ করার জন্য DEC প্রতিশ্রুতিবদ্ধ।

কমিশনার সেগোস 2018 সালে পেশাদারি বৃদ্ধি এবং ক্যারিয়ার গঠনে নারীদের সুযোগ খোঁজার ক্ষেত্রে সাড়াদানের জন্য DEC-র নারীদের পেশাদারি বিকাশ উদ্যোগ (Women's Professional Development Initiative) সূচনা করায় নেতৃত্বদান করেছেন। একটি স্টিয়ারিং কমিটির নেতৃত্বে, উদ্যোগটি DEC-তে সকল নারীর জন্য একটি ক্ষমতা প্রদানকারী পরিবেশ গঠনে কাজ করে এবং এজেন্সিটিকে এমন একটি সংগঠনে পরিণত করে যেখানে সকল কর্মীকে তাদের সর্বোচ্চ অবদান রাখতে পারার পর্যায়ে পৌঁছাতে সুযোগ প্রদানের সংস্কৃতি রয়েছে এবং যারা ক্যারিয়ার গঠনের সকল পর্যায়ে মূল্যবান কর্মীদের প্রতিভার স্বীকৃতি ও প্রচার করে।

30x30 প্রতিজ্ঞার ব্যাপারে আইন শৃঙ্খলা রক্ষাকারী ডিভিশনের পরিচালক ক্যারেন পরজাইক্লেক এবং ফরেস্ট রেঞ্জার লেফটেন্যান্ট মেগান লাপিয়েরে প্রদত্ত সাউন্ডবাইট/উক্তি পাওয়া যাবে এখানে। সাক্ষাৎকারগুলির একটি লগ সংযুক্ত করা হলো।

DEC-র আইন শৃঙ্খলা রক্ষাকারী ডিভিশন এবং বন সুরক্ষার ডিভিশনের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.dec.ny.gov।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন parks.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418